ISO 9001:2015
Certified

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১

Comilla Palli Bidyut Samity-1

সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লা

E-mail: comillapbs01@gmail.com, Web: pbs1.comilla.gov.bd, ফোনঃ ০২৩৩৪৪০৮৭৪৩



স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০১.০১৩.২৬.৫৯৯৪

তারিখ ২৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

জমি ক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার আওতাধীন ০১টি ৩৩/১১ কেভি, ২০ এমভিএ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য পবিসের নিজস্ব অর্থায়নে নিষ্কন্টক জমি ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত এলাকার জমি বিক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত তথ্যাদি সহকারে দরপত্র/আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম	জমির পরিমাণ	উপজেলার ও জেলার নাম	জমির অবস্থান ও বিবরণ
১	২	৩	৪	৫
০১	চান্দিনা-৫(কুটুম্বপুর), ৩৩/১১ কেভি, ২০ এমভিএ ইনডোর উপকেন্দ্র	৪৫ শতাংশ	চান্দিনা, কুমিল্লা	ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক হতে কুটুম্বপুর-অম্বরপুর প্রধান সড়ক সংলগ্ন কুটুম্বপুর/ মুরাদপুর মৌজায়

শর্তাবলীঃ

০১। বর্ণিত বর্ণনানুযায়ী বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য ন্যূনতম ৪৫ (পঁয়তাল্লিশ) শতাংশ জমি উল্লিখিত স্থানে (কলাম-৫-এ বর্ণিত) হতে হবে।

০২। বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য একটি দাগে বর্ণিত পরিমাণ জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে জমি বিক্রয়ের দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন।

০৩। জমি নিষ্কন্টক হতে হবে। দরপত্র/আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবেঃ

(ক) স্থানীয় আমিন দ্বারা প্রস্তুতকৃত জমির দৈর্ঘ্য ও প্রস্থ এর লে-আউট:
(খ) জমির দলিল ও বায়া দলিলের (প্রযোজ্য ক্ষেত্রে) ফটোকপি ;
(গ) মালিকানার স্বপক্ষে সিএস, এসএ, আরএস এবং বিএস(প্রস্তাবিত) খতিয়ান ও পর্চার ফটোকপি;
(ঘ) জমির এবং মৌজা ম্যাপের ফটোকপি;
(ঙ) দৈর্ঘ্য ও প্রস্থ উল্লেখ করে জমির নকশা (প্লট আকারে);
(চ) প্রতি শতাংশ জমির একক মূল্য ও মোট মূল্য (টাকায়) উল্লেখসহ দর দাখিল করতে হবে।
(ছ) জমির নামজারির ফটোকপি;
(জ) সর্বশেষ খাজনা/ভূমি কর পরিশোদের ফটোকপি;

০৪। বিক্রয়তব্য জমির বিপরীতে প্রযোজ্য দর দাখিল পরবর্তী কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নির্ধারিত জমি ক্রয় কমিটি কর্তৃক জমি ক্রয়ের নির্ধারিত গাইডলাইন অনুসরণ করতঃ জমির মালিক/মালিকগণের সাথে দাখিলকৃত দর কমানোর ক্ষেত্রে প্রযোজ্য নেগোসিয়েশন সম্পন্ন করবেন এবং যৌক্তিক দর নির্ধারণ করবেন। এক্ষেত্রে জমির মালিক/মালিকগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

০৫। নিয়মানুযায়ী প্রযোজ্য যাচাই-বাছাই সম্পন্ন করতঃ ক্রয়ের জন্য নির্ধারিত জমির মূল্য জমির মালিক/মালিকগণের নামে "একাউন্ট পেয়ী চেক" এর মাধ্যমে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক পরিশোধ করা হবে এবং সরকারি নিয়মানুযায়ী জমি রেজিস্ট্রেশন বাবদ যাবতীয় ব্যয় ক্রেতা অর্থাৎ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক বহন করা হবে। তবে সরকারি নিয়মানুযায়ী বিক্রয়তব্য জমির মূল্যের বিপরীতে প্রযোজ্য 'উৎস কর' জমির মালিক/মালিকগণকে আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।

০৬। কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৭। আগ্রহী আবেদনকারীগণ জমি ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তিটি কুমিল্লা পবিস-১ এর ওয়েব সাইটে (www.pbs1.comilla.gov.bd) দেখতে পারবেন।

এমতাবস্থায়, বর্ণিত এলাকাসমূহে উল্লেখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে অথবা আগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ১৩/১২/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ "জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা" বরাবর দরপত্র/আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বর্ণিত বিষয়ে আরও বিস্তারিত তথ্যের জন্য "জেনারেল ম্যানেজার এর কার্যালয়, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা" এই ঠিকানায় স্বশরীরে যোগাযোগ করা যাবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল নং-০১৭৩০৭৮৩৩৪৩ [ডিজিএম(কারিগরী] ও ০১৭৬৯৪০০৩৬৬ [এজিএম(প্রশাসন)] এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ অত্র বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে ন য়)

০১। পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পঃ (পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৩। পুলিশ সুপার, কুমিল্লা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (অত্র বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ/গণপূর্ত বিভাগ, কুমিল্লা।
০৭। নির্বাহী প্রকৌশলী(এসওডি), কুমিল্লা(উঃ), বাপবিবো, কুমিল্লা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ---------- পবিস-১/২/৩/৪।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চান্দিনা/দেবিদ্বার/বরুড়া/মুরাদনগর/বাঙ্গারা উপজেলা।
১০। ডিজিএম, দেবিদ্বার/বরুড়া/কোম্পানীগঞ্জ/বাঙ্গারা জোনাল অফিস/কারিগরী, কুমিল্লা পবিস-১।
১১। এজিএম(ওএন্ডএম), মুরাদনগর/নবাবপুর/পয়ালগাছা/কুটুম্বপুর/রামমোহন সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
১২। এজিএম(ইএন্ডসি/সদস্য সেবা/অর্থ-হিসাব/ওএন্ডএম), কুমিল্লা পবিস-১।
১৩। এজিএম(আইটি), কুমিল্লা পবিস-১ (অত্র বিজ্ঞপ্তিটি কুমিল্লা পবিস-১ এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১৪। জনাব/মেসার্স----------।
১৫। নোটিশ বোর্ড, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার

Comilla News around the world
কুমিল্লার কাগজ
The Daily Comilar Kagoj
হোম পেজ | সকল পাতা | নিউজ সংস্করণ | শুক্রবার • ১৬ নভেম্বর ২০২৬ • ২৮ কার্তিক ১৪৩৩
প্রথম পাতা | খবর | সম্পাদকীয় | খেলার খবর | খোলা জানালা | শেষপাতা

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১

চান্দিনা, কুমিল্লা।



জমি ক্রয়ের বিজ্ঞপ্তি

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার আওতাধীন ০১টি ৩৩/১১ কেভি, ২০ এমভিএ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য পরিসের নিজস্ব অর্থায়নে নিম্নউক্ত জমি ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত এলাকার জমি বিক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে জমির মালিকানা সংক্রান্ত হালনাগাদ কাগজপত্রসহ দরপত্র/আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম	জমির পরিমাণ	উপজেলার ও জেলার নাম	জমির অবস্থান ও বিবরণ	দরপত্র/আবেদন গ্রহণের শেষ সময়সীমা
০১	চান্দিনা-৫ (কুটুম্বপুর), ৩৩/১১ কেভি ২০ এমভিএ ইনডোর উপকেন্দ্র	৪৫ শতাংশ	চান্দিনা, কুমিল্লা	ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক হতে কুটুম্বপুর-অমরপুর প্রধান সড়ক সংলগ্ন কুটুম্বপুর/মুরাদপুর মৌজায়	১৩/১২/ ২০২৬ খ্রিঃ

বিস্তারিত জানতে- **www.pbs1.comilla.gov.bd**

যোগাযোগঃ ০১৭৬৯৪০০৩৬৬

প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান
জেনারেল ম্যানেজার